

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ২. ৯. স্বর্গের মধ্যে ভয়ঙ্কর শব্দ ও ভয়ঙ্করদর্শন প্রাণি

স্বর্গের বর্ণনায় বাইবেল বলছে: "সেই সিংহাসনটার থেকে বিদ্যুৎ, ভয়ঙ্কর আওয়াজ ও বাজের আওয়াজ বের হচ্ছিল।... সেই সিংহাসনগুলোর মাঝখানের সিংহাসনটার চারপাশে চারজন প্রাণী (পশু: beasts) ছিলেন। তাঁদের সামনের ও পিছনের দিক চোখে ভরা ছিল। প্রথম প্রাণীটির চেহারা সিংহের মত, দ্বিতীটির বাছুরের মত, তৃতীয়টির মানুষের মত এবং চতুর্থটির উড়ন্ত ঈগল পাখীর মত। এই চারজন প্রাণীর প্রত্যেকের ছয়টা করে ডানা ছিল এবং সব জায়গা চোখে ভরা ছিল...।" (প্রকাশিত কালাম ৪/৫-৮)। পাঠক, আপনার কাছে এটা কি স্বর্গের বর্ণনা না নরকের বর্ণনা বলে মনে হচ্ছে? প্রকাশিত কালামের ৫ম অধ্যায়টাও পড়ুন!

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14496

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন